

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-3

(জীবনী, আত্মজীবনী ও ভ্রমণকাহিনী)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

ক) জীবনী সাহিত্যের সংজ্ঞা লেখো।

খ) 'আত্মকথা' ও 'আত্মপরিচয়' গ্রন্থ দুটির লেখক কে?

গ) বাংলা ভাষায় লিখিত প্রথম জীবনী সাহিত্যের নাম কী?
গ্রন্থটির লেখক কে?

ঘ) জীবনী সাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঙ) 'দেশে বিদেশে' গ্রন্থটি কার লেখা? তাঁর লেখা অপর একটি
ভ্রমণ সাহিত্যের নাম লেখো।চ) "... পালামৌ শহর নহে, একটা প্রকাণ্ড পরগণা মাত্র।"
—বক্তা কে? কোন্ প্রসঙ্গে তিনি একথা বলেছেন?

(পরের পাতায়)

- ছ) কোল কুমারীরা বিবাহ-যোগ্য হলে কোথায় থাকে? কেন থাকে?
- জ) “বাঘটি আমি স্বহস্তে মারিব।” — কে কেন একথা বলেছিল?
- ঝ) “... সাধুভাষা গোলায় যাক।” — বক্তা কে? তিনি একথা কেন বলেছিলেন?
- ঞ) “চারিটা বাজিলে আমি অস্থির হইতাম...” — কে কেন অস্থির হতেন?
- ট) “জীবনস্মৃতি” গ্রন্থটি কি জাতীয় রচনা? এই গ্রন্থে মোট কটি প্রবন্ধ আছে?
- ঠ) “গান বাঁধবার শিক্ষানবিসি এইরূপে আমার আরম্ভ হইয়াছিল।” — কিভাবে গান বাঁধবার শিক্ষা শুরু হয়েছিল?
- ড) “আমার মনে ভারি একটা নাড়া দিত।” — কার মনে কি নাড়া দিত?
- ঢ) “তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইতাম না।” — বক্তা কিসের আভাস পেতেন? নাগাল না পাওয়ারই বা কারণ কী ছিল?
- ণ) “আমার জীবনে এইটেই আদি কবির প্রথম কবিতা।” — ‘জীবনস্মৃতি’ গ্রন্থের কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? আদি কবির প্রথম কবিতাটি কী ছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ক) জীবনী সাহিত্য ও আত্মজীবনীর পার্থক্য লেখো। লেখকের নাম সহ দুটি করে জীবনী সাহিত্য ও আত্মজীবনীমূলক গ্রন্থের নাম লেখো।
- খ) “বিশ্ব প্রকৃতিকে আড়াল আরডাল হইতে দেখিতাম।” — বক্তা কী কারণে বিশ্ব প্রকৃতিকে আড়াল আবডাল থেকে দেখতেন? সেই সময় বিশ্ব প্রকৃতি সম্পর্কে তাঁর মনে কীরূপ ধারণা তৈরি হয়েছিল?
- গ) “তাহার পর নর্মাল স্কুলে ভর্তি হইলাম।” — ‘নর্মাল স্কুল’ প্রবন্ধ অনুসরণে রবীন্দ্রনাথের শিক্ষা ভাবনার পরিচয় দাও।
- ঘ) “... স্ত্রী লোকেরা শ্রমহেতু স্থিরযৌবনা।” — কোন্ সম্প্রদায়ের স্ত্রীলোকের কথা বলা হয়েছে? তাদের ‘স্থিরযৌবনা’ থাকার কারণ লিপিবদ্ধ করো।
- ঙ) “...তাহাদের বিবাহ প্রথা অতি পুরাতন।” — কাদের বিবাহ প্রথার কথা বলা হয়েছে? তাদের বিবাহ প্রথার বিভিন্ন দিকগুলি আলোচনা করো।
- চ) “বন্যেরা বনে সুন্দর; শিশুরা মাতৃকোড়ে” — উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) ভ্রমণকাহিনী এবং ভ্রমণমূলক সাহিত্যের তুলনা করে ভ্রমণমূলক সাহিত্যের বিশেষত্বগুলো চিহ্নিত করো।
 - খ) হিমালয়ের বিচিত্র অভিজ্ঞতার কথা 'হিমালয় যাত্রা' প্রবন্ধে রবীন্দ্রনাথ যেভাবে লিপিবদ্ধ করেছেন তার স্বরূপ নির্ণয় করো।
 - গ) 'পালামৌ' গ্রন্থে যাত্রাপথের বিবিধ বর্ণনা লেখক যেভাবে দিয়েছেন তা আলোচনা করো।
 - ঘ) 'পালামৌ' ভ্রমণ বৃত্তান্তের লাতেহার পাহাড়ের গুরুত্ব আলোচনা করো।
-